

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৪ শাখা
www.moa.gov.bd

স্মারক নং ১১.০০.০০০০.০৫৫.২৩.০৫৩.২৩.৩ ৫৫

তারিখ: ২৭ ডায় ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) ২০২২ এবং কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) ২০২৩ নির্বাচনের নক্সা আবেদন আহ্বান।

কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি নীতিমালা ২০১৯ (এআইপি নীতিমালা ২০১৯) অনুযায়ী এআইপি (Agricultural Important Person) নির্বাচন করা হবে। এআইপি ২০২২ এবং এআইপি ২০২৩ নির্বাচনের নিমিত্ত আবেদন আহ্বান করা হচ্ছে। একই ব্যক্তি/প্রতিষ্ঠান এআইপি ২০২২ এবং এআইপি ২০২৩ এর জন্য পৃথকভাবে বা উভয় বছরের জন্য আবেদন করতে পারবেন; তবে প্রতি বছরের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।


এআইপি নীতিমালা ২০১৯ অনুযায়ী নিম্নবর্ণিত বিভাগসমূহে এআইপি নির্বাচন করা হবেঃ-

- কৃষি উদ্ভাবন (জাত/প্রযুক্তি)
- কৃষি উৎপাদন/বানিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প
- রপ্তানিযোগ্য কৃষি পণ্য উৎপাদন
- স্বীকৃত বা সরকার কর্তৃক রেজিস্ট্রিকৃত কৃষি সংগঠন
- বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদকপ্রাপ্ত

আবেদন দাখিল ও বাছাইয়ের তফসিল নিম্নরূপ:-

উপজেলা কমিটির নিকট নির্ধারিত করমে আবেদন দাখিলের সর্বশেষ তারিখ	১০ অক্টোবর ২০২৩
উপজেলা কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক জেলা কমিটির নিকট প্রেরণের সর্বশেষ তারিখ	৩০ অক্টোবর ২০২৩
জেলা কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক আবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ	০৯ নভেম্বর ২০২৩

এআইপি ২০২২ এবং এআইপি ২০২৩ নির্বাচনের নিমিত্ত নির্ধারিত আবেদন করণ ও এআইপি নীতিমালা ২০১৯ কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.moa.gov.bd; কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে www.dae.gov.bd এবং কৃষি তথ্য সার্ভিসের ওয়েবসাইটে www.ais.gov.bd পাওয়া যাবে। এছাড়াও এআইপি ২০২২ এবং এআইপি ২০২৩ এর নির্ধারিত আবেদন করণ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল জেলা কার্যালয়ে ও সকল উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে। আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।


শেখ হাফিজুর রহমান

দিনিয়ার সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোনঃ ৫৫১০১০৪৫

ই-মেইল: extension4@Moa.gov.bd